

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
(সাধারণ শাখা)
www.rajbari.gov.bd


জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জন অবহিতকরণের জন্য মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শওকত আলী
জেলা প্রশাসক
রাজবাড়ী।
তারিখ : ৩০/১১/২০১৭ খ্রিঃ।
সময় : ১২.০০ টা।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজবাড়ী।

(উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে)


সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। সভাপতি শুদ্ধাচারের কৌশল সঠিকভাবে পালন করার জন্য এবং শুদ্ধাচারের অনুশীলন অব্যাহত রাখতে সকলকে অনুরোধ করেন। তিনি এনআইএস বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। প্রত্যেক মাসে প্রদত্ত সেবার মান অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কারের বিষয়ে তিনি অভিমত ব্যক্ত করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের লক্ষ্যে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	নিরপেক্ষভাবে দ্রুততম সময়ের মধ্যে জনগণের ন্যায্য সেবা প্রাপ্তি নিশ্চিত করণ।	নিরপেক্ষভাবে দ্রুততম সময়ের মধ্যে জনগণের ন্যায্য সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে। সকল বিতর্কের উর্ধ্বে থেকে শুধু জনগণের সন্তুষ্টি ও রাষ্ট্রের স্বার্থ নিশ্চিত করাই হবে প্রজাতন্ত্রের সকল কর্মকর্তা/কর্মচারীর একমাত্র কর্তব্য। প্রজাতন্ত্রের সকল কর্মচারীকে শুদ্ধাচারের অনুশীলনে আরো দায়িত্বশীল থাকতে হবে।	সকল বিভাগীয় প্রধান
০২	নিজ নিজ দপ্তরকে দুর্নীতিমুক্ত রাখা।	সকল অফিস প্রধানগণ নিজ নিজ দপ্তরে যাতে দুর্নীতি না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখবেন। সভায় প্রতিনিধি উপস্থিত থাকলে সভার সিদ্ধান্ত অবশ্যই অফিস প্রধানকে অবহিত করতে হবে।	সকল বিভাগীয় প্রধান



০৩	জনগণকে সঠিক সেবা প্রদান।	জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে খেয়াল রাখতে হবে যাতে জনগণ ভোগান্তির শিকার না হন এবং সেবাগ্রহীতাদের যে সময়ে সেবা পাওয়ার কথা সেই সময়ের মধ্যেই সেবাটি পায় সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।	সকল প্রধান	বিভাগীয়
০৪	দেশের নাগরিকদের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণ।	দেশের নাগরিকদের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণ কর্মসূচির আওতা বাড়াতে হবে। কারণ বাংলাদেশ সংবিধানে রাষ্ট্রপরিচালনার মূলনীতি অনুসারে রাষ্ট্র এবং সমাজে কার্যকরভাবে ন্যায় ও সততা প্রতিষ্ঠা এবং সফলতার সঙ্গে দুর্নীতি প্রতিরোধ এবং শুদ্ধাচার প্রতিষ্ঠা রাষ্ট্রের অন্যতম লক্ষ্য।	সকল প্রধান	বিভাগীয়
০৫	জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জন অবহিতকরণের জন্য মতবিনিময় সভাকরণ।	উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে এতদসংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করবেন এবং এ কার্যালয়কে যথাসময়ে অবহিত করবেন।	উপজেলা অফিসার (সকল)	নির্বাহী
০৬	গণশুনানী সংক্রান্ত রেজিস্টার ব্যবহার	প্রত্যেক অফিস প্রধান গণশুনানীতে আগত সেবাপ্রার্থীদের ঠিকানা, সেবার ধরণ এবং গণশুনানীতে তাৎক্ষণিক কী প্রতিকার দেওয়া হচ্ছে তা রেজিস্ট্রারে লিপিবদ্ধ নিশ্চিত করবেন।	সকল প্রধান	বিভাগীয়
০৭	প্রত্যেক অফিসে শুদ্ধাচারের কৌশল সম্পর্কে দ্রুততম সময়ের মধ্যে ডিসপ্লে বোর্ড ও ব্যানার প্রদর্শনের ব্যবস্থাকরণ।	প্রত্যেক অফিসে শুদ্ধাচারের কৌশল সম্পর্কে দ্রুততম সময়ের মধ্যে ডিসপ্লে বোর্ড ও ব্যানার প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল প্রধান। উপজেলা অফিসার (সকল)	বিভাগীয়
০৮	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পর্যায়ের প্রত্যেক দপ্তরে নৈতিকতা কমিটি গঠন।	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পর্যায়ের প্রত্যেক দপ্তরে নৈতিকতা কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল প্রধান	বিভাগীয়
০৯	জেলা পর্যায়ের সকল অফিস প্রধানগণ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত প্রান্তিক ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।	জেলা পর্যায়ের সকল অফিস প্রধানগণ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন পরিবীক্ষনের প্রান্তিক ভিত্তিক অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।	সকল প্রধান	বিভাগীয়

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শওকত আলী)

জেলা প্রশাসক

রাজবাড়ী।

ফোনঃ-০৬৪১-৬৫৪০৫

মোবাইল: ০১৭৩৩৩৩৬৪০০

email : dcrajbari@mopa.gov.bd



স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.০৬.১০৯.১৬- ৮৭৮(৮০)

তারিখঃ ২/১২/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী।
- ৫-৯। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ।
- ১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
(কার্যবিবরণী জেলার ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১১।



জেলা প্রশাসক

রাজবাড়ী

